

নম্বর ০৫.০০.০০০০.২০২.২৫.০০৭.২৩.২০

তারিখ: ২৮ পৌষ ১৪২৯

১২ জানুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: JICA এর মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য আবেদন আহ্বান।

JICA-এর অর্থায়নে জাপানে অনুষ্ঠিত মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত মাস্টার্স কোর্সের ১টি সুযোগের বিপরীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ প্রশাসনে কর্মরত সিনিয়র সহকারী সচিব/উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার অথবা সমপর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে সংযুক্ত ব্রশিউর এ উল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :


কোর্সের নাম	মেয়াদকাল	সুযোগ সংখ্যা
১	২	৩
Knowledge Co-Creation Program (Long-Term) on "Local Governance with Community Participation JPY 2024:	অক্টোবর ২০২৩ হতে এপ্রিল ২০২৬ পর্যন্ত	১ টি

শর্তসমূহ:

১.	যারা ইতোমধ্যে চাকরিতে স্থায়ী হয়েছেন তাঁরা আবেদন করতে পারবেন;
২.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯/৮/৯২ খ্রি.তারিখের স্মারক নং-৮০/৯২-৫১৮(৫০০) নং বেসামরিক সরকারি কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চশিক্ষা সম্পর্কিত নীতি ও পদ্ধতি এবং ১২ মে ২০০৩ তারিখে প্রকাশিত জনপ্রশাসন প্রশিক্ষণ নীতিমালার গেজেট ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ জুন, ২০১১ খ্রি. তারিখের ০৩.০৬৯.০২৫.০৬. ০০.০০৩.২০১১-১৪৪ (৫০০) সংখ্যক পরিপত্রের মর্মানুসারে আবেদন করতে হবে;
৩.	আবেদনকারীকে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

৪.	যথাযথভাবে পূরণকৃত নির্ধারিত আবেদন ফরমের ২ সেট (মূল কপি), শিক্ষাগত যোগ্যতার সনদ ও ট্রান্সক্রিপ্ট, সংযুক্ত ফরম্যাট অনুযায়ী Research Proposal , যথাযথ কর্তৃপক্ষের সুপারিশ, দুই কপি ছবি, ইংরেজি ভাষার দক্ষতার প্রমাণক (TOFEL/TOEIC/IELTS), অফিসিয়াল পাসপোর্টের কপি, আনুষঙ্গিক ডকুমেন্টস (সংযুক্ত ব্রশিওরের ৩ নং নির্দেশনা অনুসরণীয়) জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিদেশ প্রশিক্ষণ শাখায় (ভবন নম্বর-০২, কক্ষ নম্বর- ১০৯) আগামী ১৯.০১.২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে;
৫.	চাকরিতে প্রবেশের পর প্রেষণ/অধ্যয়নছুটিতে একটি মাস্টার্স ডিগ্রী সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার মাস্টার্স এর জন্য আবেদন করার প্রয়োজন নেই;
৬.	কোর্স শুরুর তারিখে আবেদনকারীর বয়স ৪৫ বছরের মধ্যে হতে হবে।

সংযুক্তি : ব্রশিউর ও আবেদন ফরম।



১২-১-২০২৩

মৌসুমী সরকার রাখী

উপসচিব

ফোন: ৯৫৭৪৪২৬

ইমেইল: ft@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্লানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট।/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (তার অধীনস্থ কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধসহ)।
- ৫) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৬) জেলা প্রশাসক (সকল) (তার অধীনস্থ কর্মকর্তাগণকে অবহিত করার অনুরোধসহ)।
- ৭) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (জরুরিভিত্তিতে ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)।